

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০৫০.১৬-১৭৬

তারিখ: ২৩ বৈশাখ, ১৪২৫ বঙ্গাব্দ  
০৬ মে, ২০১৮ খ্রিস্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

বিষয়ঃ জনাব মো: মোসলেম উদ্দিন, প্রাক্তন সহকারী উপ-পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-এর উচ্চতর গ্রেডে বেতন নির্ধারণ হওয়ায় পেনশন পুন:মঞ্জুরি।

সূত্র: খাদ্য অধিদপ্তরের পত্র নং-১৩.০১.০০০০.০৩৪.১৩.০৪৭.১৬-২৭৬

তারিখ: ২৫/০৪/২০১৮ খ্রি:

জনাব,

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: মোসলেম উদ্দিন, প্রাক্তন সহকারী উপ-পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-কে এ মন্ত্রণালয়ের ২১/০৬/২০১৭ খ্রি: তারিখের ৩৪৩ নং প্রজ্ঞাপন মূলে তার পেনশনের সম্পূর্ণ বিনিময়ে প্রাপ্য এককালীন আনুতোষিক বাবদ ৬৬,৫৮,৬৭২.৫০/- (ছয়টি লক্ষ আটান্ন হাজার ছয়শত বাহাত্তর টাকা পঞ্চাশ পয়সা) মঞ্জুর করা হয়।

২। ২০১৫ সালের নতুন জাতীয় বেতন স্কেল ও উহার স্পষ্টীকরণ পরিপত্রের পরিপ্রেক্ষিতে সংস্থা প্রশাসন শাখার ২৬/১১/২০১৭ খ্রি: তারিখে ৬১০ নং প্রজ্ঞাপন দ্বারা জনাব মো: মোসলেম উদ্দিনসহ ২৭ জনকে ভূতাপেক্ষ উচ্চতর গ্রেড (৬ষ্ঠ গ্রেড) মঞ্জুর করা হয়। উক্ত কর্মকর্তার অনুকূলে ভূতাপেক্ষ উচ্চতর গ্রেড (৬ষ্ঠ গ্রেড: ৩৫,৫০০-৬৭,০১০/-) মঞ্জুরীর তারিখ ১৭/১০/২০১৬ খ্রি:। যেহেতু তিনি ৭ম গ্রেডে বেতন আহারকালে অবসরে গমন ও সে অনুযায়ী আনুতোষিক উত্তোলন করেন, তাই ৬ষ্ঠ গ্রেডে তার বেতন নির্ধারণ সংক্রান্ত সংশোধিত ইএলপিসির ভিত্তিতে তিনি প্রাপ্য অবশিষ্ট আনুতোষিক মঞ্জুরীর জন্য আবেদন করেছেন।

৩। খাদ্য অধিদপ্তরের প্রস্তাবমতে সংশ্লিষ্ট কর্মকর্তার সংশোধিত ই এল পি সির ভিত্তিতে শেষ বেতন পুন: নির্ধারিত হওয়ায় তার পেনশনের সম্পূর্ণ বিনিময়ে প্রাপ্য অবশিষ্ট আনুতোষিক বাবদ ৩,৭৮,৮১০/- (তিন লক্ষ আটাত্তর হাজার আটশত দশ টাকা) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে পরিশোধের মঞ্জুরি জ্ঞাপন করছি:

- (ক) উক্ত কর্মকর্তার নিকট ভবিষ্যতে সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তিনি বা তাঁর উত্তরাধিকারীগণ তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।  
(খ) তার প্রদত্ত ই,এল,পি,সি অনুযায়ী উক্ত কর্মচারী যে পরিমাণ অবশিষ্ট আনুতোষিক প্রাপ্য বলে ধার্য করা হয়েছে, তা প্রদানের

জন্য পেনশন ফরম ২.১ এর তৃতীয় অংশে মঞ্জুরকারি কর্তৃপক্ষ স্বাক্ষর প্রদান করেছেন।

৪। জনাব মো: মোসলেম উদ্দিন, প্রাক্তন সহকারী উপ-পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-এর প্রাপ্য অবশিষ্ট আনুতোষিক পরিশোধের পিপিও বহিঃ জারি করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৫। এ সংক্রান্ত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করা হলোঃ

|     |  |            |
|-----|--|------------|
| (ক) | নির্ধারিত পেনশন আবেদন ফরম ২.১ (সংযোজনী-১)                          | ১ (এক) কপি |
| (খ) | সংশ্লিষ্ট কর্মকর্তার ছবি   | ১ (এক) কপি |
| (গ) | সংশ্লিষ্ট কর্মকর্তার অনুকূলে ইতোপূর্বে আনুতোষিক মঞ্জুরির প্রজ্ঞাপন | ১ (এক) কপি |
| (ঘ) | সংশ্লিষ্ট কর্মকর্তার সংশোধিত ই এল পি সি                            | ১ (এক) কপি |
| (ঙ) | উচ্চতর গ্রেড প্রাপ্তির প্রজ্ঞাপন                                   | ১ (এক) কপি |
| (চ) | সংশ্লিষ্ট কর্মকর্তার উচ্চতর গ্রেডে বেতন নির্ধারণ বিবরণী            | ১ (এক) কপি |
| (ছ) | সংশ্লিষ্ট কর্মকর্তার নমুনা স্বাক্ষর                                | ১ (এক) কপি |
| (জ) | সংশ্লিষ্ট কর্মকর্তার অনুকূলে ইতোপূর্বেকার পিপিওর ছায়াছবি          | ১ (এক) কপি |

৪। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

সংযুক্তি- বর্ণনামতে।

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ হেলাল উদ্দিন)  
উপসচিব

ফোন ৯৫৪০১১২

sasestabadmin@mofood.gov.bd

তারিখ: ২৩ বৈশাখ, ১৪২৫ বঙ্গাব্দ  
০৬ মে, ২০১৮ খ্রিস্টাব্দ

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০৫০.১৬-১৭৬/১(৬)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ


১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

২-৩। পরিচালক, প্রশাসন/(হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

৫। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।

৬। জনাব মো: মোসলেম উদ্দিন, প্রাক্তন সহকারী উপ-পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা; বর্তমান ঠিকানা: ৩৪৫/১, পূর্ব কাজীপাড়া, কাফরুল, ঢাকা।

  
(মোহাম্মদ হেলাল উদ্দিন) ০৬.০৫.১৮  
উপসচিব